

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৩-৪৭০

তারিখঃ ০৩.১৪২১ বঙ্গাব্দ  
০৬.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ কফিল উদ্দিন মাহমুদ (কোড-১০৯৬৪১), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ২৪.০২.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১৩-২০৭নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষেণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ কফিল উদ্দিন মাহমুদ (কোড-১০৯৬৪১), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজারকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৮.০২.২০১২ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
(এম. এম. নিয়াজউদ্দিন)  
সচিব


উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৩-৪৭০ (৩০)

তারিখঃ ০৬.২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার
- ১০। ডাঃ কফিল উদ্দিন মাহমুদ (কোড-১০৯৬৪১), মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মৌলভীবাজার (স্থায়ী ঠিকানাঃ- পিতা- আব্দুল মোতালেব চৌধুরী, গ্রামঃ- বড়ধাইন, পোঃ- চৌদ্দগ্রাম, জেলা- কুমিল্লা)

  
(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)